**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date: 04.07.2026** **Desk in Charge : Susmita M.**
**Time: 7-50 PM** **Edit:- Sudip Basu**
**DEO: KB** **Compile. & NRT : Sudip B.**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা বলেছেন, শুধুমাত্র আইন প্রণয়ন বা রাজনৈতিক বিতর্কে অংশ নেওয়াই, বিধায়কদের কাজ নয়, তাঁদের সমাজের প্রান্তিক মানুষের কণ্ঠস্বর হয়ে উঠতে হবে। #পশ্চিমবঙ্গ বিধানসভার নবনির্বাচিত সদস্যদের জন্য আয়োজিত দু'দিনের প্রশিক্ষণ কর্মসূচির সমাপ্তি ভাষণে তিনি আজ একথা বলেন।

২/ ডক্টর শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ১২৫-তম জন্ম জয়ন্তী উপলক্ষে একাধিক অনুষ্ঠানে যোগ দিতে, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, আগামী সোমবার কলকাতায় আসছেন।

৩/ রাজ্যে, আপাতত দুর্গাপুজো পর্যন্ত 'হকার উচ্ছেদ' করা হবে না, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এই আশ্বাস দিয়েছেন বলে হকার সংগঠনগুলি দাবী করেছে।

৪/ দলের নিয়ন্ত্রণ নিয়ে টানাপোড়েনের মধ্যেই তৃণমূল কংগ্রেসের সব পদ থেকে ইস্তফা দিয়েছেন চন্দ্রিমা ভট্টাচার্য্য।

৫/ উত্তর পশ্চিম বঙ্গোপসাগরে তৈরি হওয়া সুস্পষ্ট নিম্নচাপের প্রভাবে রাজ্যের উপকূলবর্তী জেলাগুলিতে ভারী বৃষ্টির পূর্বাভাস।

**********************************************************************

পশ্চিমবঙ্গ বিধানসভার নবনির্বাচিত সদস্যদের জন্য আয়োজিত দু'দিনের প্রশিক্ষণ কর্মসূচি আজ শেষ হয়েছে। বিধানসভা এবং 'পার্লামেন্টারি রিসার্চ অ্যান্ড ট্রেনিং ইনস্টিটিউট ফর ডেমোক্রেসি'-প্রাইড আয়োজিত এই কর্মসূচির লক্ষ্য ছিল নতুন বিধায়কদের সংসদীয় কার্যপ্রণালী সহ নানা বিষয়ে প্রশিক্ষণ দেওয়া। সমাপ্তি অনুষ্ঠানে যোগ দিয়ে লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা বলেন, শুধুমাত্র আইন প্রণয়ন বা রাজনৈতিক বিতর্কে অংশ নেওয়াই, বিধায়কদের কাজ নয়। সমাজের প্রান্তিক মানুষের কণ্ঠস্বর হয়ে উঠতে হবে তাঁদের।

( বাইট- ওম বিড়লা )

এদিকে, রাজ্য বিধানসভা আগামী ১০০ দিনের মধ্যেই সম্পূর্ণ কাগজবিহীন বা 'পেপারলেস' হয়ে উঠবে বলে বিধানসভার অধ্যক্ষ রথীন্দ্র বোস জানিয়েছেন। তিনি বলেন, এই লক্ষ্যে একটি সমঝোতা স্মারক পত্র স্বাক্ষরিত হয়েছে। কেন্দ্রীয় সরকার'ও প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করেছে। ( বাইট- রথীন্দ্র বোস )

বিধানসভার মর্যাদা, গণতান্ত্রিক মূল্যবোধ এবং আইন প্রণয়নের প্রক্রিয়া সম্পর্কে বিধায়কদের আরো দক্ষ করে তুলতে, ধারাবাহিকভাবে প্রশিক্ষণ প্রক্রিয়া চলবে বলেও তিনি জানান।

সমাপ্তি ভাষণে রাজ্যপাল রাজ্যপাল আর. এন. রবি, বিধায়কদের বিধানসভার মর্যাদা বজায় রেখে জনগণের স্বার্থে কাজ করার আহ্বান জানান।

( বাইট- রাজ্যপাল )

************************

কলকাতার তারাতলায় দুর্ঘটনায় উদ্ধার অভিযানে অংশ নেওয়া বিভিন্ন বাহিনীর কর্মীদের সম্মান জানিয়েছে পশ্চিমবঙ্গ সরকার। আলিপুর বডিগার্ড লাইন্সে আয়োজিত এক বিশেষ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, উদ্ধারকারী বাহিনীর সদস্যদের সাহস, পেশাদারিত্ব এবং মানবিকতার ভূয়সী প্রশংসা করেছেন।

( বাইট- মুখ্যমন্ত্রী )

ভবিষ্যতে দুর্যোগ মোকাবিলায় আরও দ্রুত ও কার্যকর ব্যবস্থা গড়ে তুলতে, উদ্ধারকারী বাহিনীকে আধুনিক প্রযুক্তি ও সরঞ্জামে সজ্জিত করার জন্য ২০০ কোটি টাকা বরাদ্দের'ও ঘোষণা করেছেন তিনি।

***********************

ডক্টর শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের জন্মদিবস পালন অনুষ্ঠানে যোগ দিতে, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগামী সোমবার রাজ্যে আসছেন। সরকারি সূত্রে জানা গেছে, ওইদিন দুপুরে কলকাতা পৌঁছে তিনি, ভবানীপুরে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের পৈত্রিক বাসভবনে তাঁর প্রতি শ্রদ্ধা জানাবেন। এরপর শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ১২৫ ফুট মূর্তি নির্মাণের জন্য ভূমি পূজন অনুষ্ঠানে যোগ দেবেন তিনি। বিশ্ববাংলা মেলা প্রাঙ্গণে রাজ্যস্তরের একটি অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর যোগ দেবার কথা।

রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, রাজ্য জুড়ে দিনটি যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে। তিনি বলেন, শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মাটিতে বিজেপি এই প্রথম সরকার গঠন করেছে। তাই এই জন্মদিন পালন নিঃসন্দেহে ঐতিহাসিক।

***********************

বাংলার ইতিহাসে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়কে পূর্বতন সব সরকার কোণঠাসা করে রাখার চেষ্টা করেছে বলে রাজ্যের অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত মন্তব্য করেছেন। শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের সার্ধশত জন্মবর্ষ উদযাপনের প্রাক্কালে আজ কলকাতায় ভারত সেবাশ্রম সংঘের পক্ষ থেকে 'এক দেশ-এক বিধান-এক নিশান'- শীর্ষক আলোচনার আয়োজন করা হয়।

***********************

রাজ্যে, আপাতত দুর্গাপুজো পর্যন্ত 'হকার উচ্ছেদ' করা হবে না বলে, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আশ্বাস দিয়েছেন বলে, হকার সংগঠনগুলি দাবী করেছে। 'হকার্স জয়েন্ট অ্যাকশন কমিটি'র রাজ্য সভাপতি অসিত সাহার নেতৃত্বে তিন সদস্যের একটি দল আজ মুখ্যমন্ত্রীর 'জনতার দরবারে' কর্মসূচীতে যান। হকারদের সমস্যাগুলি, তারা মুখ্যমন্ত্রীর সামনে তুলে ধরেন। সেখানেই মুখ্যমন্ত্রী এই আশ্বাস দিয়েছেন বলে অসিতবাবু জানান।

পাশাপাশি, সৌন্দর্যায়নের জন্য হকারদের সরানো হলে, তাঁদের পুনর্বাসনের বিষয়টি, রাজ্য সরকার সহানুভূতির সঙ্গে দেখবে বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

( বাইট- হকার/ অসিত সাহা )

হকারদের সমস্যাগুলি খতিয়ে দেখতে রাজ্য স্তরে একটি মনিটরিং কমিটি তৈরীর আশ্বাস'ও মুখ্যমন্ত্রী দিয়েছেন বলে, অসিতবাবু সাংবাদিকদের জানিয়েছেন। তবে রেলের জমিতে হকার উচ্ছেদে রাজ্য সরকারের কোনো ভূমিকা নেই বলে মুখ্যমন্ত্রী স্পষ্ট জানান।

উল্লেখ্য, রাজ্যে সরকার পরিবর্তনের পর হকার উচ্ছেদ নিয়ে বিতর্কের সৃষ্টি হয়। ইতমধ্যেই বিভিন্ন রেল স্টেশন থেকে অবৈধ হকারদের সরিয়ে দেওয়া হয়েছে।

************************

প্রতিবাদী শিক্ষক বরুণ বিশ্বাস খুনের তদন্তে, বিশেষ তদন্তকারী দল- SIT গঠন করে, ফের তদন্তের আশ্বাস মুখ্যমন্ত্রী দিয়েছেন বলে তাঁর পরিবার দাবী করেছে। বরুণ বিশ্বাসের দাদা আজ 'জনতার দরবারে' মুখ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন। তিনি অভিযোগ করেন, ওই খুনের ঘটনায় তৎকালীন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকের নাম উঠে এসেছিল। প্রকৃত দোষীদের অনেকেই বিচারের আওতার বাইরে রয়ে গেছে বলে তিনি অভিযোগ করেন।

************************

দলের নিয়ন্ত্রণ নিয়ে টানাপোড়েনের মধ্যেই তৃণমূল কংগ্রেসের রাজ্য সভাপতি সহ সব পদ থেকে ইস্তফা দিয়েছেন চন্দ্রিমা ভট্টাচার্য্য। পাশাপাশি তৃণমূল কংগ্রেস এবং বিভিন্ন শাখা সংগঠনের বিভিন্ন ব্যাঙ্কে যে অ্যাকাউন্ট রয়েছে, তার 'সিগনেটরি'র দায়িত্ব থেকেও অব্যাহতি চেয়েছেন তিনি। রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা তৃণমূল নেত্রী মমতা ব্যানার্জী তাঁর উপর অনাস্থা ব্যক্ত করায়, ইস্তফার সিদ্ধান্ত বলে প্রাক্তন অর্থ প্রতিমন্ত্রী জানান। পাশাপাশি বাজেট পেশ করার সময়েও তাঁর সঙ্গে কোন রকম আলোচনা করা হতো না বলে'ও চন্দ্রিমা ভট্টাচার্য্য জানিয়েছেন।

( বাইট- চন্দ্রিমা )

ইস্তফা দেওয়ার পরই চন্দ্রিমা ভট্টাচার্য বিধানসভায় বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে সাক্ষাৎ করেন।

***********************

এদিকে চন্দ্রিমা ভট্টাচার্য্য ইস্তফা দেওয়ার পর তৃণমূল কংগ্রেসের রাজ্য সভাপতির দায়িত্ব তিনি নিজেই সামলাবেন বলে মমতা ব্যানার্জি জানিয়েছেন। আজ সমাজমাধ্যমে এক বার্তায় তিনি সাধারণ সম্পাদক হিসেবে মদন মিত্র এবং কুণাল ঘোষের নাম ঘোষণা করেন। এদিন দলের বিদ্রোহী শিবিরকে কটাক্ষ করে তৃণমূল নেত্রী বলেন, দলের মনোনয়ন নিয়ে তাঁরা মানুষের সঙ্গে বেইমানি করেছেন।

( বাইট- মমতা/ চন্দ্রিমা )

***********************

বিজেপির রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার বলেছেন, মমতা ব্যানার্জীর আমলে রাজ্য, দুর্নীতিগ্রস্ত পুলিশ স্টেটে পরিণত হয়েছিল। যারা সেই সময়ে ব্যাপক দুর্নীতির সঙ্গে জড়িত ছিল, তারা এক এক করে মমতা ব্যানার্জীর হাত ছেড়ে যাচ্ছে।

( বাইট- দেবজিৎ সরকার )

***********************

অন্নপূর্ণা যোজনায়, সারা রাজ্যের সঙ্গে নদীয়া জেলার মহিলারাও ব্যাঙ্ক আকাউন্টে সরাসরি তিন হাজার টাকা করে পাচ্ছেন। সংসারের খরচ সামলাতে এই অর্থ তাঁদের বড় ভরসা বলে মন্তব্য করেছেন কৃষ্ণনগর এক নম্বর পঞ্চায়েত সমিত এলাকার এক উপভোক্তা।

( বাইট- মমতা পন্ডিত )

***********************

উত্তর পশ্চিম বঙ্গোপসাগরে তৈরি হওয়া নিম্নচাপটি সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হয়ে ওড়িশা ও উত্তর ছত্তিশগড়ের দিকে অগ্রসর হবে। এর ফলে উপকূলবর্তী জেলা পূর্ব পশ্চিম মেদিনীপুর, দক্ষিণ ২৪ পরগনা এবং ঝাড়গ্রাম জেলায় ভারী বৃষ্টির সম্ভাবনা।

আগামীকাল দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম এবং পুরুলিয়া জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে। কলকাতা ও পার্শ্ববর্তী এলাকাতেও বেশ কয়েক পশলা ভারী বৃষ্টির সম্ভাবনা। উত্তরবঙ্গে সোমবার থেকে আবার বৃষ্টির পরিমাণ বাড়বে বলেও আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ অন্বেষা ভট্টাচার্য আকাশবাণীকে জানিয়েছেন।

*************************************************************************